

## 💵 জানাযার কিছু বিধান

বিভাগ/অধ্যায়ঃ সালাতুল জানাযা ও প্রাসঙ্গিক আলোচনা রচয়িতা/সঙ্কলকঃ শায়খ আব্দুল আযীয ইব্ন আব্দুল্লাহ ইব্ন বায রাহিমাহল্লাহ (ইসলামহাউজ)

প্রশ্ন ২৪- আলেমদের ন্যায় জনসাধারণ কি বিদ'আতির জানাযা পরিত্যাগ করবে না?

উত্তর - প্রতিটি মুসলিমের জানাযা পড়া ওয়াজিব, যদিও সে বিদ'আতি হয়। সুতরাং বিদ'আত যদি কুফরের পর্যায়ের না হয়, তাহলে এরূপ বিদ'আতির জানাযা মুষ্টিমেয় কিছু লোক পড়ে নেবে। আর যদি বিদ'আত কুফরের পর্যায়ের হয়, যেমন খারেযি, রাফেযি, মুতাযিলা ও জাহমিয়া প্রমূখদের বিদ'আত, যারা বিপদে-আপদে আলী রাদিয়াল্লাহু আনহু ও রাসূলের পরিবারের অন্যান্য সদস্যদের শরণাপন্ন হয়, তাদেরকে আহ্বান করে, তাহলে এরূপ বিদ'আতিদের জানাযায় অংশগ্রহণ করা কাহারো জন্যই জায়েয় নেয়। আল্লাহ তাআলা মুনাফেক ও তাদের ন্যায় অন্যান্য কাফেরদের প্রসঙ্গে বলেছেনঃ

﴿ وَلَا تُصلِّ عَلَىٰٓ أَحَد مِّناكَهُم مَّاتَ أَبَدًا وَلَا تَقُما عَلَىٰ قَبارِهِ آا إِنَّهُما كَفَرُواْ بِٱللَّهِ وَرَسُولِهِ اَ وَمَاتُواْ وَهُما فَهُما فَهُما كَفَرُواْ بِٱللَّهِ وَرَسُولِهِ اَ وَمَاتُواْ وَهُما فَسِقُونَ ٤٨﴾ [التوبة: 84]

"আর তাদের মধ্যে যে মারা গিয়েছে, তার উপর তুমি জানাযা পড়বে না এবং তার কবরের উপর দাঁড়াবে না। নিশ্চয় তারা আল্লাহ ও তাঁর রাসূলকে অস্বীকার করেছে এবং তারা ফাসিক অবস্থায় মারা গিয়েছে"। সূরা আত্তাওবাহ: (৮৪)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14824

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন